দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৬০

তারিখ ... 31 JUL 1989 ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

# পরিসংখ্যান বর্ষগ্রন্থ '৮৯ বের হয়েছে

পরিসংখ্যান ব্যুরো 'বাংলাদেশ পরিসংখ্যান বর্ষগ্রন্থ-১৯৮৯' প্রকাশ করেছে। দেশের আর্থ-সামাজিক গুরুত্বপূর্ণ সকল ক্ষেত্রে চলতি ও বিগত বছরসমূহের বিস্তারিত পরিসংখ্যান সম্বলিত বর্ষগ্রন্থের এই নতুন দশম সংস্করণে মোট ১৬টি পরিচ্ছেদে ৬৭৮টি টেবিল সন্নিবেশিত করা হয়েছে। এছাড়া এ প্রকাশনায় গত ১৯৮৮ সালের বন্যার ক্ষয়ক্ষতি সংক্রান্ত পরিসংখ্যানও সংযোজিত হয়েছে।

পরিসংখ্যানবিদ, নীতি নির্ধারক, প্রশাসক, ব্যবসায়ী ও শিল্পপতি, শিক্ষাবিদ, গবেষক এবং ছাত্র ও সাধারণ পাঠকবর্গের জন্য এ গ্রন্থখানি বিশেষ সহায়ক হবে বলে আশা প্রকাশ করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।